

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির মার্চ/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ : ০৭/০৩/২০২৩খ্রিঃ

সময় : ৩.০০ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ, পি বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। ইউনিয়ন পর্যায়ে ২০২২-২০২৩ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচী বিষয়ে আলোচনা।
- ০৩। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে ২০২২-২০২৩ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীরা ভাতা পাচ্ছেন। সদস্য সচিব বলেন যে, নীতিমালায় ইউনিয়ন কমিটির প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে সুপারিশ করার কথা উল্লেখ থাকলেও কোন কোন ইউনিয়ন মাসের শেষে সুপারিশ করে থাকে এতে উপজেলা কমিটির যাচাই বাছাই করে অনুমোদন দিতে সমস্যা হয়। এ বিষয়ে সভাপতি মহোদয় সদস্য সচিবকে বলেন যে, বিষয়টি উপজেলা সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য বলেন। ভিড্রিউবি(ভিজিডি) উপকারভোগী উপকারভোগীদের মাঝে পুষ্টি চাল খাদ্য শস্য বিতরণ করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, (আইজিএ) প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমটি আপাতত বন্ধ আছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০৬৪/১১/১

(ফিরোজা বেগম)

সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।